কোকিল গাইবে গান

লেখক: মেহেরুবা নিশা
আঁকিয়ে: বিপ্লব চক্রবর্তী



এক ছিল কোকিল। কালো তার গায়ের রং। সে গান গাইতে পারে ভালো।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 2 6/18/23 22:13

হঠাৎ বৈশাখ মাসে তার কী যে হয়– গান গাইতে পারে না।
তার খুব মন খারাপ।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 3 6/18/23 22:13

জ্যৈষ্ঠ মাসে পাকে আম,
জাম, কাঁঠাল, আরও কত
ফল। কোকিল গাছে গাছে
উড়ে বেড়ায়। আর গাইতে
চেষ্টা করে। কিন্তু পারে না।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 4 6/18/23 22:13

একদিন শিমুল গাছ তাকে বলল, এটা তো গ্রীষ্মকাল, অনেক গরম। তুমি বরং বর্ষাকালের জন্য অপেক্ষা করো। তখন অনেক বৃষ্টি হবে, বৃষ্টির রিমঝিম সুরে তুমি গাইতে পারবে।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 5 6/18/23 22:13

বর্ষা এলো। আষাঢ়-শ্রাবণ পুরো
দুই মাস জুড়ে খুব বৃষ্টি হলো।

নদী-নালা, খাল-বিল সব পানিতে থৈ থৈ।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 7 6/18/23 22:13

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 8 6/18/23 22:13

কদম গাছে থোকা থোকা কদম ফুল। বৃষ্টিতে ভিজে কোকিল এ ডাল থেকে ও ডালে উড়ে বেড়ায়। আর গাইতে চেষ্টা করে। কিন্তু পারে না।

বর্ষার পর ভাদ্র আর আশ্বিনকে
নিয়ে এলো শরৎ ঋতু।
শিউলি তলায় বিছিয়ে আছে ফুল।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 10 6/18/23 22:13

তালগাছে পাকা তাল।
কোকিল তাল গাছে বসে গাইতে
চেষ্টা করে। কিন্তু পারে না।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 11 6/18/23 22:13

আসে হেমন্ত। কার্তিক-অগ্রহায়ণ মাসে
ওঠে নতুন ধান।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 12 6/18/23 22:13

কিন্তু নবান্ন উৎসবেও কোকিল গান গাইতে
পারে না। তার মন আরও খারাপ হয়।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 13 6/18/23 22:13

পৌষ আর মাঘ মাসের শীতকালে অনেক
ঠান্ডা। মানুষ উঠানে বসে রোদ পোহায়।
হলুদ সরষে ফুলে ছেয়ে যায় মাঠ।

খেজুরের রসে তৈরি হয় গুড় আর
মজার মজার রসের পিঠা।
কোকিল এ গাছ থেকে ও গাছে উড়ে বেড়ায়।
কিন্তু চেষ্টা করেও গান গাইতে পারে না।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 15 6/18/23 22:13

এবার গান গাইতে না পেরে কোকিল তো কেঁদেই ফেলে। সে কি তাহলে কখনোই গান গাইতে পারবে না? বছর তো প্রায় শেষ হয়ে এলো !

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 16 6/18/23 22:13

এবার বসন্ত এলো ফাল্গুন আর চৈত্রকে নিয়ে। গাছে গাছে নতুন পাতা। আম গাছের মুকুল। মৌমাছিরা গান গায় গুনগুন।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 17 6/18/23 22:13

সেই গান শুনে কোকিলও চেষ্টা করে
গাইতে। কিন্তু পারে না। এবার আর
সে হাল ছাড়ে না। সে চেষ্টা করতেই
থাকে, করতেই থাকে।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 18 6/18/23 22:13

আর কী আশ্চর্য! এবার কোকিল ঠিকই গাইতে পারে গান।

সেই থেকে কোকিল হয়ে যায় বসন্তের পাখি। ঋতুরাজ বসন্ত এলেই শোনা যায় তার কুহু গান।

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 19 6/18/23 22:13

BD-LLP-12-0024_Text_TheCuckooWantsTo.indd 20 6/18/23 22:13